

ঢাকা বোর্ডে ১৭ পরীক্ষাকেন্দ্র বাতিল, নতুন ৪৫টি

নিম্নস্থ প্রতিবেদক >

গত বছর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে এমন ১৭টি কেন্দ্র বাতিল করেছে ঢাকা শিক্ষা বোর্ড। এর মধ্যে ছয়টি বাতিল হয়েছে নকলের দায়ে। আর বাকিগুলো শিক্ষার্থী স্বল্পতায়। একই সাদে ৮৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষাকেন্দ্র বদল এবং নতুন করে ৪৫টি কেন্দ্র অনুমোদন দেওয়া হয়েছে।

নকলের দায়ে বাতিল হওয়া কেন্দ্রগুলোর মধ্যে আছে উত্তরার মাইনস্টোন কলেজ, টঙ্গীর সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজ, ময়মনসিংহের হাজী উচ্চমান আলী উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ ফুলপুরের বাট্টাভাটপাড়া এসসি উচ্চ বিদ্যালয়, গাজীপুর কালিয়াকৈরের আক্কেল আলী উচ্চ বিদ্যালয় ও টাঙ্গাইলের মির্জাপুরের জামুন্নি এনএসএজি উচ্চ বিদ্যালয়। শিক্ষার্থী স্বল্পতায় বাতিল পরীক্ষাকেন্দ্রগুলো হচ্ছে ঢাকার লেক সার্কার্স উচ্চ বালিকা বিদ্যালয়, নিউ মডেল বহুশুখী উচ্চ বিদ্যালয়, সাভারের পিএটিসি উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইলের ভারতেশ্বরী হোমন উচ্চ বিদ্যালয়, মির্জাপুর ক্যাডেট কলেজ, খন্দকার আসাদুজ্জামান একাডেমী ও ঘাটাইল ক্যান্টিনেন্ট বোর্ড হাই স্কুল, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, নেত্রকোনার সাধুপাড়া উচ্চ বিদ্যালয়, জামালপুরের উলিয়া এএম উচ্চ বিদ্যালয় ও বরগা ইসরাইল আহাম্মদ উচ্চ বিদ্যালয়।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ্র জানিয়েছেন, যেসব প্রতিষ্ঠানের পরীক্ষাকেন্দ্র পরিবর্তন করা হয়েছে সেগুলো মূলত ওই সব প্রতিষ্ঠানের আবেদনের পরিশ্রমফীতেই হয়েছে। যেসব প্রতিষ্ঠান কম দুরত্বের কেন্দ্রে যেতে চেয়েছে, আর যারা বেশি শিক্ষার্থীর কেন্দ্র থেকে কম শিক্ষার্থীর কেন্দ্রে যেতে চেয়েছে তাদের আবেদন বিবেচনায় নেওয়া হয়েছে। এ ছাড়া পরস্পরের শিক্ষার্থী বিনিময়ের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করত এমন প্রতিষ্ঠানের কেন্দ্রও পরিবর্তন করা হয়েছে।